গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়,
রাজশাহী।
rajshahi.judiciary.gov.bd

বিভাগীয় মামলা নং ০২/২০২৫

রাষ্ট্র বনাম অভিযুক্ত- মোঃ নজরুল ইসলাম,
বেঞ্চ সহকারী,
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
আদালত, রাজশাহী।

## অভিযোগনামা

যেহেতু আপনি জনাব মোঃ নজরুল ইসলাম, বেঞ্চ সহকারী, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহীর বিরুদ্ধে বিগত ০৮/০৪/২০২৫ ইং তারিখে যথাক্রমে SAMGBAD 24 GHANTA (https://www.facebook .com/share/v/IAGO7Yql.w4/) নামক ইলেক্ট্রনিক মিডিয়ার ভিডিও ক্লিপ ও SAMGBAD 24 GHANTA (https://sangbad 24 ghanta.com/2025/04/08/) নামক প্রিন্ট মিডিয়ায় প্রকাশিত সংবাদ মারফত ইহা নিম্নস্বাক্ষরকারীর গোচরীভূত হইয়াছে যে, আপনি (১) আপনার আদালতের বিভিন্ন মামলায় জামিন প্রাপ্ত ০৪ (চার) জন আসামীর পক্ষে বেল বন্ড দাখিলের সময় নগদ ৪০০/= (চার শত) করিয়া টাকা ঘুষ গ্রহণ করিয়াছেন এবং (২) আপনি আপনার আদালতের বিভিন্ন মামলায় জামিন প্রাপ্ত আসামীগণের পক্ষে বেল বন্ড দাখিলের সময় প্রত্যেকের নিকট পৃথক পৃথক অর্থ দাবী, নথি উপস্থাপনের ক্ষেত্রে স্বেচ্ছাচারিতা অবলম্বন, জাবেদা নকলের জন্য মামলার নথি নকলখানায় প্রেরণের ক্ষেত্রে অর্থ দাবী ও আদায় করিয়া প্রতি মাসে লক্ষাধিক টাকা আয় করেন যাহা ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(ঘ) বিধির অধীনে "দুর্নীতি পরায়ণ হওয়ার" অপরাধ বলিয়া গণ্য হয়।

তাহা ছাড়া ও আপনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত একই তারিখ SAMGBAD 24 GHANTA (https://sangbad 24 ghanta.com/2025/04/08/) নামক প্রিন্ট মিডিয়ায় উপরোক্ত প্রচারিত সংবাদের ভিডিও ক্লিপ ও প্রকাশিত সংবাদের ব্যাপারে আত্মপক্ষ সমর্থন করিয়া বিবৃতি প্রদান করিয়াছেন যাহা ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(খ) বিধির অধীনে "অসদাচরণ" বলিয়া গণ্য হয়।

সেইহেতু আপনার উক্তরূপ কার্যকলাপ ও আচরণের জন্য আপনাকে ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩ (ঘ) ও ৩ (খ) বিধিতে বর্ণিত "দুর্নীতি পরায়ণ হওয়া" ও "অসদাচরণের" অভিযোগে অভিযুক্ত করা হইল।

এমতাবস্থায়, ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(৩) (গ) ও (ঘ) বিধির বিধান অনুসারে কেন আপনাকে উপরোক্ত অভিযোগ দুইটির দায়ে চাকুরী হইতে অপসারণ বা বরখাস্ত করা হইবে না কিংবা অন্য কোন দণ্ড প্রদান করা হইবে না সেই মর্মে আপনাকে এই অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবস মধ্যে লিখিত জবাব দাখিল করিতে নির্দেশ প্রদান করা গেল। লিখিত জবাবে আপনি নিম্নস্বাক্ষরকারীর নিকট ব্যক্তিগত ভাবে উপস্থিত হইয়া কোনরূপ বক্তব্য পেশ করিতে ইচ্ছুক কি-না তাহা ও উল্লেখ করিতে পারিবেন। নির্ধারিত সময়ে জবাব দাখিলে ব্যর্থ হইলে প্রতীয়মান হইবে যে, আনীত অভিযোগ দুইটি বিষয়ে আপনার কোন বক্তব্য নাই এবং সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ একতরফাভাবে অভিযোগ নিস্পত্তির এখতিয়ার সংরক্ষণ করিবেন। যেসব অভিযোগের উপর ভিত্তি করিয়া এই অভিযোগ আনয়ন করা হইয়াছে তাহার একটি অনুলিপি (অভিযোগ বিবরণী) আপনার অবগতি ও শুনানীর সময় ব্যবহারের জন্য এই অভিযোগনামার সহিত সংযুক্ত করা হইল।

২৩/৪/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
(গ্রেডেশন নং ১৬),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইলঃ districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ১৪০ /২৫-(২)-জি,                                                    তারিখঃ ১০ বৈশাখ ১৪৩২ / ২৩ এপ্রিল ২০২৫

<u>অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হইলঃ</u>

১। জনাব মোঃ নজরুল ইসলাম, বেঞ্চ সহকারী, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী ও

২। অফিস কপি।

আদেশক্রমে-

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
জেলা ও দায়রা জজ আদালত,
রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী।
rajshahi.judiciary.gov.bd

**বিভাগীয় মামলা নং ০২/২০২৫**

রাষ্ট্র     বনাম     অভিযুক্ত- মোঃ নজরুল ইসলাম,
বেঞ্চ সহকারী,
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
আদালত, রাজশাহী।

**অভিযোগ বিবরণী**

প্রশাসনিক কর্মকর্তার নোট, সংশ্লিষ্ট কর্মচারীকে প্রদত্ত কারণ দর্শানোর নোটিশ, তাহার দাখিলী জবাব ও সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটের প্রতিবেদনসহ রাজশাহী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের উপরোক্ত স্মারক সম্বলিত পত্রটি পর্যবেক্ষণ করিলাম। রাজশাহীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ নজরুল ইসলামের বিরুদ্ধে বিগত ০৮/০৪/২০২৫ ইং তারিখে SAMGBAD 24 GHANTA (https://www.facebook .com/share/v/IAGO7Yql.w4/) নামক ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত ভিডিও ক্লিপ ও একই তারিখে SAMGBAD 24 GHANTA (https://sangbad 24 ghanta.com/2025/04/08/) নামক প্রিন্ট মিডিয়ায় প্রকাশিত সংবাদ মাধ্যমে ইহা নিম্নস্বাক্ষরকারীর গোচরীভূত হইয়াছে যে, (১) তিনি আদালত চলাকালীন অবস্থায় বর্তমান বৎসরের যে কোন মাসের যে কোন সময়ে বিভিন্ন মামলায় জামিনপ্রাপ্ত ০৪ (চার) জন আসামীর পক্ষে বেল বন্ড দাখিলের জন্য প্রত্যেকের নিকট হইতে নগদ ৪০০/= (চারশত) টাকা করিয়া ঘুষ গ্রহণ করিয়াছেন এবং (২) বিভিন্ন মামলায় জামিন প্রাপ্ত আসামীগণের পক্ষে বেল বন্ড দাখিলের সময় প্রত্যেকের জন্য পৃথক পৃথক অর্থ দাবী, নথি উপস্থাপনের ক্ষেত্রে স্বেচ্ছাচারিতা অবলম্বন ও জাবেদা নকলের জন্য মামলার নথি নকল খানায় প্রেরণের ক্ষেত্রে অর্থ দাবী পূর্বক আদায়ের মাধ্যমে প্রতি মাসে লক্ষাধিক টাকা আয় করেন যাহা ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(ঘ) বিধিতে বর্ণিত "দুর্নীতি পরায়ণ হওয়ার" অপরাধ বলিয়া গণ্য হয়।

ইহা ছাড়া ও ইহা নিম্নস্বাক্ষরকারীর গোচরীভূত হইয়াছে যে, তিনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত SAMGBAD 24 GHANTA (https://sangbad 24 ghanta.com/2025/04/08/) নামক প্রিন্ট মিডিয়ায় উপরোক্ত প্রচারিত ভিডিও ক্লিপ ও প্রকাশিত সংবাদ বিষয়ে আত্মপক্ষ সমর্থন করিয়া বিবৃতি প্রদান করিয়াছেন যাহা একই বিধিমালার ৩(খ) বিধিতে বর্ণিত "অসদাচরণ" বলিয়া গণ্য হয়। তাহার উপরোক্ত বেআইনী ও বিধি বহির্ভূত কার্যকলাপের জন্য তাহার বিরুদ্ধে ০২/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হইল।

২৮/৪/২০২৫

( গোলক চন্দ্র বিশ্বাস),
(গ্রেডেশন নং ১৬),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইলঃ districtjudgecourt.rajshahi@gmail.com